শিক্ষক নিয়োগ পরীক্ষা

# প্রশ্নপত্র ফাঁস চক্রের ১৯ জন আটক

**রাজবাড়ী ও পিরোজপুর প্রতিনিধি** ● রাজবাড়ী ও পিরোজপুরে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসচক্রের ১৯ জনকে আটক করেছে পুলিশ।

রাজবাড়ীতে বিশেষ ধরনের ডিভাইসসহ চক্রের মূলহোতা রিসোর্স সেন্টারের প্রশিক্ষক মো. মাঈনুল ইসলাম হাওলাদারসহ ১৩ সদস্যকে আটক করা হয়। গতকাল সন্ধ্যা ৭টায় ব্রিফিংয়ে এ তথ্য জানিয়েছেন জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রাণবন্ধু চন্দ্র কৃষ্ণ বিশ্বাস। গ্রেপ্তারকৃতদের মধ্যে রয়েছেন– প্রশিক্ষক, প্রাইমারি স্কুলের ■ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৩

# প্রশ্নপত্র ফাঁস চক্রের

**(প্রথম পৃষ্ঠার পর)** শিক্ষক, ছাত্র, ব্যবসায়ী, ফ্যামিলি প্লানিং কর্মকর্তা, এনজিও কর্মকর্তা, কৃষক, কৃষি ব্যাংক কর্মকর্তা ও পরীক্ষার্থী। আটককৃতরা রাজবাড়ীসহ দেশের বিভিন্ন জেলার বাসিন্দা।

ব্রিফিংয়ে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশ জেলা শহরের ভবানীপুর এলাকার মিজানুর রহমানের বাড়িতে অভিযান পরিচালনা করা হয়। এ সময় মাস্টারকার্ডসদৃশ সিমকার্ড সংযুক্ত ডিভাইস ও মুদ্রাকার হেডফোন এবং অন্যান্য জিনিসসহ প্রশ্নপত্র ফাঁসচক্রের মুলহোতা পটুয়াখালী মির্জাপুর উপজেলা রিসোর্স সেন্টারের প্রশিক্ষক মাঈনুল ইসলাম হাওলাদারসহ ১৩ জনকে আটক করা হয়।

এদিকে পিরোজপুরে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসে জড়িত ৬ পরীক্ষার্থীকে আটক করে জেলা গোয়েন্দা পুলিশ। তাদের বাড়ি নাজিরপুর উপজেলার বিভিন্ন এলাকায়। গতকাল সকালে জেলা সদরের বিভিন্ন এলাকায় এ অভিযান চালানো হয়। এর মধ্যে কিয়ামউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুর সরকারি বালিকা মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় পরীক্ষাকেন্দ্র থেকে ৬ জনকে আটক করা হয়।